

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ১২৯২

১১/ জানাযা

পরিচ্ছেদঃ মৃতের গোসল ও কাফন

আরবী

وَعَنْ أَبِي رَافِعٍ أَسلَمَ مَولَى رَسُولِ اللهِ عَلِيْ اللهِ عَلَيْ اللهِ عَلَيْ قَالَمَنْ غَسَّلَ مَيتاً فَكَتَمَ عَلَيْهِ غَفَرَ اللهُ لَهُ أُربَعِينَ مَرَّةرواه الحاكم وَقَالَ: صحيح عَلَى شرط مسلم

বাংলা

(১২৯২) রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর স্বাধীনকৃত দাস আবূ রাফে' আসলাম (রাঃ) হতে বর্ণিত, রসূল্লাহু সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি মৃতকে গোসল দেবে এবং তার দোষ গোপন রাখবে, আল্লাহু তাকে চল্লিশবার ক্ষমা করবেন। (হাকেম ১৩০৭, মুসলিমের শর্তে সহীহ)

আর এক বর্ণনায় আছে, ৪০টি কাবীরাহ গোনাহ মাফ করে দেন। (হাকেম ১/৩৫৪, ৩৬২, বাইহাকী ৩/৩৯৫, ৬৯০০, ত্বাবারানী ৯২৪, মাযমাউয যাওয়াইদ ৩/২১)

অন্য এক বর্ণনায় আছে, সে তার পাপরাশি হতে সেই দিনকার মত নিষ্পাপ হয়ে বের হবে, যেদিন তার মা তাকে প্রসব করেছিল।

আর যে ব্যক্তি মৃতব্যক্তিকে কাফন পড়াবে আল্লাহ কিয়ামতের দিন তাকে জান্নাতের সুক্ষ ও পুরু রেশমের বস্ত্র পরিধান করাবেন। যে ব্যক্তি তার জন্য কবর খুঁড়ে তাতে তাকে দাফন করবে, আল্লাহ তার জন্য এমন এক গৃহের সওয়াব জারী করে দেবেন যা সে কিয়ামত পর্যন্ত বাস করার জন্য দান করে থাকে। (হাকেম, বাইহাকী, ত্বাবারানীর কাবীর, আহকামুল জানায়েয ৫১ পৃঃ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবু রাফি' (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন